# PHILOSOPHICAL PERSPECTIVES OF MUSIC

## THEORY & PRACTICE

FOREWORD BY

**PT. SUBHANKAR BANERJEE**

EDITED BY

**ALOK RANJAN KHATUA**

# Philosophical Perspectives of Music : Theory and Practice

**(Collection of Papers from the UGC Sponsored National Seminar)**

**Edited by**

**Alok Ranjan Khatua**

Readers Service

*In association with*

**The Dept. of Philosophy and the Dept. of Music, Mugberia Gangadhar Mahavidyalaya**

First Published 2014

© Principal, Mugberia Gangadhar Mahavidyalaya

All rights reserved. No part of this publication may be reproduced or transmitted in any form or by any means without prior permission of the Editors and/or the Publisher.

**ISBN 978-93-82623-28-1**

*Published By*
Tandrita Chandra for
Readers Service
59/5A, Garfa Main Road, Kolkata 700 075

*Cover Illustrated By*
Souvik Chatterjee

*Typeset By*
LTM Graphics
Kolkata-700 144

*Printed By*
Sarat Impressions Pvt. Ltd.
Kolkata-711302

শ্রীরামকৃষ্ণের আধ্যাত্মিক চেতনা ও তার উপর সঙ্গীতের প্রভাব
*উৎপল কান্তি মুখার্জী* 85

সংগীত তত্ত্বের ভাবনায় স্বামী বিবেকানন্দ
*তানিয়া ভট্টাচার্য্য* 98

তাল ও ছন্দে ব্রহ্মের ধারণা ঃ একটি দার্শনিক বিশ্লেষণ
*সৌমেন মুখোপাধ্যায়* 109

মানসিক উন্নতিতে সঙ্গীত চিকিৎসা
*শম্পা মল্লিক* 117

কথায় ও সুরে কতিপয় সঙ্গীতের দার্শনিক তাৎপর্য বিশ্লেষণ
*সুভাষ চন্দ্র* 123

संस्कृत वाङ्मय में सङ्गीत शास्त्र
*मनोरञ्जन दास* 132

Contributors Profile 137

# তাল ও ছন্দে ব্রহ্মের ধারণা ঃ একটি দার্শনিক বিশ্লেষণ

সৌমেন মুখোপাধ্যায়

সংগীতশাস্ত্রে 'তাল' বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ ও বহু আলোচিত বিষয়। কিন্তু দার্শনিক দৃষ্টিভঙ্গিতে তালকে বুঝতে গেলে বা তাল ও ছন্দের মধ্যে ব্রহ্মের স্বরূপ সন্ধান করতে গেলে যে যে বিষয়গুলি সম্পর্কে প্রাথমিক ধারণা থাকা প্রয়োজন সেগুলি হল—দর্শন, ব্রহ্ম, ব্রহ্ম-স্বরূপ, তাল, ছন্দ ইত্যাদি।

দর্শন বলতে আমরা বুঝি দেখা, বিশেষ অর্থে দেখানো, দেখতে সাহায্য করা ইত্যাদি। এই দেখা শুধুমাত্র চোখের দেখা নয়; এই দেখা বাহ্যেন্দ্রিয় (চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক) ও অন্তরেন্দ্রিয় মনের সংযোগে দেখা। অর্থাৎ কোনও বিষয়কে সম্যকরূপে জানা। যুক্তি-তক্কো, উপলব্ধি বা প্রজ্ঞার মাধ্যমে দেখা ও জানা। সুতরাং দর্শন হল কোনও বিষয়কে ইন্দ্রিয় প্রত্যক্ষ, যুক্তি তক্কো, উপলব্ধি ও প্রজ্ঞার মাধ্যমে জানা। অন্যভাবে বললে বলা চলে কোনও বিষয় সম্পর্কে নিজস্ব উপলব্ধি বা আত্মোপলব্ধিই হল দর্শন। আমাদের ভারতবর্ষ ঈশ্বরচিন্তার বা আধ্যাত্মিক চিন্তার ভিত্তিভূমি। তাই ভারতীয় দর্শন বলতে আধ্যাত্মিক উপলব্ধিকেই বোঝায়। যদিও ভারতের বিভিন্ন দর্শন সম্প্রদায় দর্শন বলতে জীবনদর্শনকে বুঝিয়েছেন। অর্থাৎ উপলব্ধির আলোকে তত্ত্বসাক্ষাৎ বা তত্ত্বোপলব্ধিকেই বুঝিয়েছেন।

দর্শন চিন্তা যেমন দেশের সভ্যতা সংস্কৃতিকে প্রভাবিত করে, তেমনি দেশের মানুষের ভাবনা-চিন্তা, ধ্যান-ধারণা, সভ্যতা-সংস্কৃতি, জীবনযাত্রা প্রণালীও দর্শন চিন্তাকে প্রভাবিত করে। ভারতীয় দর্শন সমগ্র মানবজাতি, সমস্ত প্রাণী, প্রকৃতির সকল বস্তুর মধ্যে অনুভব করেছিল এক অখণ্ড মহা ঐক্যের চেতনা—

"অখণ্ড মণ্ডলাকারণ ব্যাপ্তং যেন চরাচরম্।"

দর্শন যেমন তার উপলব্ধি, প্রজ্ঞার সাহায্যে সত্য সন্ধানে ব্যাপিত থাকে, সঙ্গীতও তেমনই নাদ-ব্রহ্মের স্বরূপ সন্ধানে ব্যাপিত থাকে। এই ভাবনার প্রেক্ষিতে দর্শন ও সঙ্গীত উভয় বিষয়ই আসলে ব্রহ্মের স্বরূপ সন্ধানী। উভয় বিষয়ের মধ্যে কিছু ক্ষেত্রে